NEW YORK STATE OF OPPORTUNITY. Workers' Compensation Board

কর্মচারিদের ক্ষতিপূরণ সম্পর্কে ব্যবসার মালিকদের কি জানা উচিত

কর্মচারিদের ক্ষতিপূরণ বিমা কাজ-সম্পর্কিত আঘাত বা অসুস্থতার কোনো ঘটনায় কর্মচারি এবং নিয়োগকারীদের আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা করে। নিয়োগকারীদের অবশ্যই অবিরতভাবে তাদের কর্মচারিদের জন্য কর্মচারিদের ক্ষতিপূরণ বিমা চালিয়ে যেতে হবে। কর্মচারিদের ক্ষতিপূরণের জন্য, নিয়োগকারীরা দিনমজুর, লীজ ও ঋণে নেওয়া কর্মচারী, স্বেচ্ছাসেবক, আংশিক সময়ের কর্মচারী এবং পরিবারের সদস্য, সেইসাথে বেশিরভাগ সাবকন্ট্রাক্টরদের এর আওতায় আনতে পারেন। ব্যবসায়ীদের জন্য ব্যাপক কর্মচারিদের ক্ষতিপূরণের সংস্থানের জন্য। **wcb.ny.gov** দেখুন

কার ইনস্যুরেন্স প্রয়োজন?

1. ওয়ার্কার্স কম্পেনসেশন বোর্ড কর্মী হিসেবে বিবেচনা করে এমন কর্মী বা কর্মচারী নিয়োগকৃত সকল লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান।
2. প্রতি সপ্তাহে 40 ঘণ্টা করে কাজ করে এমন গৃহকর্মীর ও বাড়িতে স্বাস্থ্য সেবা প্রদানকারীর নিয়োগকর্তাগণ।
3. সর্বাধিক অলাভজনক প্রতিষ্ঠান।

স্বাধীন ঠিকাদার

গুরুত্বপূর্ণ টীকা: শ্রমিকরা সরাসরি আপনার অধীনে থাকলে তাদের ট্যাক্সের বিষয়টি ব্যতিরেকে ক্ষতিপূরণের উদ্দেশ্যে তাদেরকে আপনার কর্মী হিসেবে বিবেচনা করা হতে পারে। এমনকি আপনার 1099 প্রাপ্তদের জন্যও ইন্স্যুরেন্সের প্রয়োজন হতে পারে।

কার ইনস্যুরেন্সের প্রয়োজন নেই?

এমন ব্যবসার মালিকগণের যাদের কোনো কর্মী নেই এবং একক স্বত্বাধিকারী বা অংশীদারির একজন, এলএলসি (LLC) এবং এক বা দুই ব্যক্তির কর্পোরেশন যেখানে মালিকগণ সকল স্টকের মালিক (একটি অংশ বা পুরোটা) এবং সকল কর্পোরেট অফিস নিয়ন্ত্রন করে তাদের ইনস্যুরেন্সের পরিধিভুক্ত হওয়ার প্রয়োজন নেই।

ব্যবসার মালিকেরা তাদেরকেও সবসময় একটি পলিসির আওতাভুক্ত করতে পারেন। সাবকন্ট্রাক্টর হিসাবে কাজ করা ব্যবসার মালিকদের আবশ্যিকরা সহ আরও বিস্তারিত তথ্যের জন্য, **wcb.ny.gov** দেখুন।

ব্যবসার জন্য আইনজীবি: (877) 632-4996
ইমেল: advocatebusiness@wcb.ny.gov

নিয়োগকর্তার দায়িত্ব

যখন কোনো আঘাত/অসুস্থতা ঘটে:

- চিকিৎসা সেবা পাওয়ার জন্য কর্মীকে সহায়তা করতে হবে।
- কাজ সংক্রান্ত যেকোনো আঘাত বা অসুস্থতার জন্য অবিলম্বে আপনার কর্মীর ক্ষতিপূরণ বিষয়ক ইনস্যুরেন্স দাতাকে অবগত করুন। **নিয়োগকর্তারাও কাজ সংক্রান্ত আঘাত বা অসুস্থতা বিষয়ক নিয়োগকর্তার প্রথম রিপোর্ট (ফরম C-2F) (Employer's First Report of Work-Related Injury/Illness (Form C-2F))** পূরণ করার মাধ্যমে বোর্ডকে অবগত করতে পারেন। তথাপি আপনার দাবি আদায়ের জন্য প্রশাসন বা ইনস্যুরেন্স দাতা আপনার পক্ষ থেকে সময়মতো একটি ইলেকট্রনিক **আঘাত বিষয়ক প্রথম রিপোর্ট (FROI)** পূরণ করে থাকেন তাহলে আর এটির প্রয়োজন নেই। একজন নিয়োগকর্তা যদি সময়মতো কাজ সংক্রান্ত আঘাতের কথা ইনস্যুরেন্স দাতা বা বোর্ডকে না জানায় তাহলে 2,500 ডলার পর্যন্ত জরিমানা হতে পারে।
- যদি আঘাত বা অসুস্থতার কারণে কাজ থেকে কিছুদিন ছুটিতে থাকতে হয়, প্রাথমিক চিকিৎসা ছাড়াও যদি আরও চিকিৎসার প্রয়োজন হয় বা প্রাথমিক চিকিৎসার জন্য যদি দুইটির বেশি প্রক্রিয়ার প্রয়োজন হয় তাহলে আপনার ইনস্যুরেন্স দাতাকে বলুন।

কেন আইন মেনে চলতে হবে?

- ইনস্যুরেন্স করা না থাকলে প্রতি 10 দিনের জন্য ব্যবসা প্রতিষ্ঠানকে 2,000 ডলার পর্যন্ত জরিমানা প্রদান করতে হবে, এছাড়াও পে রোলের বা কর্মীদের দায়িত্বের ভুল ব্যাখ্যা দিলে এবং হালনাগাদ রেকর্ড রাখতে ব্যর্থ হলে জরিমানা প্রদান করতে হবে।
- পাঁচজনের অধিক কর্মীর শ্রমিক ক্ষতিপূরণের ইনস্যুরেন্স না করানো একটি গুরুতর অপরাধ। পাঁচজন বা এর কম সংখ্যক কর্মীর শ্রমিক ক্ষতিপূরণের ইনস্যুরেন্স না করানো একটি লঘু অপরাধ।
- বোর্ড সক্রিয়ভাবে অপরাধীদের কাজ বন্ধের আদেশ দিয়ে থাকে।
- শাস্তি প্রাপ্ত ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান এক বছরের জন্য সরকারি কোনো কাজের চুক্তি পাবে না।
- ব্যবসা মালিকগণ যাদের শ্রমিক ক্ষতিপূরণের ইনস্যুরেন্স করা নেই তারা কোনো কর্মী কাজে আহত হলে তাদের পারিশ্রমিকের ক্ষতিপূরণ ও চিকিৎসা সেবা ব্যক্তিগতভাবে বহন করতে বাধ্য থাকবে।
- নিয়োগকর্তার ইন্স্যুরেন্স করা থাকলে সাধারাণত কর্মীরা কাজ করতে গিয়ে আহত বা অসুস্থ হলে তারা নিয়োগকর্তার বিরুদ্ধে মামলা করতে পারবে না।
- ইনস্যুরেন্স দাতা বোর্ডকে অবগত করে যখন তারা ইনস্যুরেন্স লেখে, পরিমার্জন করে বা বাতিল করে। কোনো বিকল্প পলিসি ছাড়া যখন কাভারেজ বাতিল হয়ে যায় তখন বোর্ড ব্যবসার মালিকের সাথে যোগাযোগ করে থাকে। নিয়োগকর্তার ইন্সুরেন্স সম্পর্কিত বিষয়টি সরকারি তথ্য যা বোর্ডের ওয়েবসাইট **wcb.ny.gov** এ পাওয়া যাবে।

কোনো কর্মী ক্ষতিপূরণ মামলা দায়ের করলে বা সাক্ষ্য প্রদান করলে তার সাথে নিয়োগকর্তার বৈষম্যমূলক আচরণ বেআইনি।

এই সমস্ত সুবিধা পাওয়ার ক্ষেত্রে অভিবাসন অবস্থা কোনো বিষয় নয়।

বীমা নেওয়া

বেসরকারী বিমা: নিউ ইয়র্ক স্টেটে শতাধিক বীমা পরিষেবা প্রদানকারী কর্মচারীদের ক্ষতিপূরণ বীমা পলিসি করার জন্য অনুমোদিত। নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা দপ্তরের তাদের ওয়েবসাইটে বীমা অনুসন্ধান করার একটি কার্যকারিতা আছে। অনুগ্রহ করে দেখুন: **dfs.ny.gov.**

সরকারী বীমাকারী: দ্যা নিউ ইয়র্ক স্টেট ইনস্যুরেন্স ফান্ড একটি স্বীয়-সহায়ক বীমা প্রদানকারী যে নিউ ইয়র্ক স্টেটে কর্মচারীদের ক্ষতিপূরণ পলিসি প্রদান করে। আরও তথ্যের জন্য, দেখুন **nysif.com.**

ব্যক্তিগত স্বীয়-বিমা: বড় বড় নিয়োগকারীরা স্বীয়-বিমার জন্য, একটি সাধারণ, নিয়ন্ত্রিত প্রক্রিয়ায় তহবিল সরিয়ে রাখতে পারেন। আরও জানতে, বোর্ডকে ফোন করুন এই নম্বরে **(518) 402-0247.**